

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৮২

৩৬/ ফিতনা (كتاب الفتن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ আমানত উঠিয়ে নেওয়া প্রসঙ্গে।

باب ما جاء في رفع الأمانة

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الْأَعْمَشِ، عَنْ زَيْدِ بْنِ وَهْبٍ، عَنْ حُذَيْفَةَ بْنِ الْيَمَانِ،  
حَدَّثَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَدِيثَيْنِ قَدْ رَأَيْتُ أَحَدَهُمَا وَأَنَا أَنْتَظِرُ الْآخَرَ  
حَدَّثَنَا "أَنَّ الْأَمَانَةَ نَزَّلَتْ فِي جَذْرِ قُلُوبِ الرِّجَالِ ثُمَّ نَزَّلَ الْقُرْآنُ فَعَلِمُوا مِنَ الْقُرْآنِ  
وَعَلِمُوا مِنَ السُّنْنَةِ". ثُمَّ حَدَّثَنَا عَنْ رَفْعِ الْأَمَانَةِ فَقَالَ "يَنَامُ الرَّجُلُ النَّوْمَةَ فَتَقْبَضُ  
الْأَمَانَةُ مِنْ قَلْبِهِ فَيَظْلِمُ أَثْرُهَا مِثْلَ الْوَكْتِ ثُمَّ يَنَامُ نَوْمَةً فَتَقْبَضُ الْأَمَانَةُ مِنْ قَلْبِهِ فَيَظْلِمُ  
أَثْرُهَا مِثْلَ الْمَجْلِ كَجَمْرِ دَحْرَجَتِهِ عَلَى رِجْلِكَ فَنَفَطَتْ فَتَرَاهُ مُنْتَرِبًا وَلَيْسَ فِيهِ شَيْءٌ".  
ثُمَّ أَخَذَ حَصَّةً فَدَحْرَجَهَا عَلَى رِجْلِهِ قَالَ "فَيُصْبِحُ النَّاسُ يَتَبَاهَيْعُونَ لَا يَكَادُ أَحَدُهُمْ يُؤْدِي  
الْأَمَانَةَ حَتَّى يُقَالَ إِنَّ فِي بَنِي فُلَانٍ رَجُلًا أَمِينًا وَهَذِهِ يُقَالُ لِلرَّجُلِ مَا أَجْلَدَهُ وَأَظْرَفَهُ  
وَأَعْقَلَهُ وَمَا فِي قَلْبِهِ مِثْقَالُ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ مِنْ إِيمَانٍ". قَالَ وَلَقَدْ أَتَى عَلَى زَمَانٍ وَمَا  
أُبَالِي أَيْكُمْ بَأَيْعَتْ فِيهِ لَئِنْ كَانَ مُسْلِمًا لَيَرْدَنَهُ عَلَى دِينِهِ وَلَئِنْ كَانَ يَهُودِيًا أَوْ نَصْرَانِيًا  
لَيَرْدَنَهُ عَلَى سَاعِيهِ فَأَمَّا الْيَوْمَ فَمَا كُنْتُ لَأُبَايِعَ مِنْكُمْ إِلَّا فُلَانًا وَفُلَانًا. قَالَ أَبُو عِيسَى هَذَا  
حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ.

বাংলা

২১৮২. হান্নাদ (রহঃ) ..... ভুয়ায়ফা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে দু'টো হাদিস বলেছিলেন। একটি তো দেখেছি আরেকটির জন্য আমি অপেক্ষা করছি। তিনি আমাদের বলেছিলেন, আমানত মানুষের অন্তরমূলে নাযিল হয়। এরপর কুরআন নাযিল হয় আর তারা কুরআন সম্পর্কে জ্ঞান লাভ করে আবার সুন্নাহ সম্পর্কেও জ্ঞান লাভ করে।

তারপর তিনি আমানত উঠিয়ে নেওয়া সম্পর্কেও বলেছিলেন। তিনি বলেছেনঃ এক ব্যক্তি ঘুমিয়ে পড়বে আর

তার অন্তর থেকে আমানত কবয় করে নেওয়া হবে। এতে এর চিহ্ন থেকে যাবে ফোটার মত। তারপর সে আবার নিদ্রা যাবে আর তার অন্তর থেকে আমানত কবয় করে নেওয়া হবে। এতে এর আছর থেকে যাবে একটা ফোসকার মত। যেমন কোন পাথরের টুকরা যদি তোমার পায়ে ঘসাও আর যখন এতে ফোসকা পড়ে যায় তখন তুমি এটিকে ফোলা দেখতে পাও। অথচ এর ভেতর কিছুই নেই।

তারপর তিনি একটি কংকর নিয়ে এটি তাঁর পায়ে ঘসে দেখালেন, তিনি আরো বললেনঃ লোকেরা বিকি-কিনি করবে কিন্তু হয়ত একজনও এমন হবে না যে আমানতদারী করছে, এমনকি বলা হবে অমুক গোত্রে একজন আমানতদার ব্যক্তি আছে। এমন অবস্থা হবে যে, কোন ব্যক্তি সম্পর্কে বলা হবে সে কত সাহসী, কত ভুশ্যার কত বুদ্ধিমান অথচ তার অন্তরে রাইয়ের দানা পরিমাণও ঈমান নাই।

(ভ্রায়ফা রাদিয়াল্লাহু আনহু) বলেন, এমন এক সময় আমার উপর অতিবাহিত হয়েছে যে, কার সঙ্গে আমি ক্রয়-বিক্রয় করছি সে বিষয়ে কোন পরওয়া করতাম না। কারণ, সে যদি মুসলিম হত তবে তার দীনী দায়িত্ব বোধই তা আমাকে ফিরিয়ে দিত। আর যদি ইয়াহুদী বা খৃষ্টান হত তবে তার প্রশাসকই আমাকে তা ফিরিয়ে দিত। কিন্তু আজ অমুক অমুক ব্যক্তি ছাড়া তোমাদের কারো সাথে আমি ক্রয়-বিক্রয় করার মত নই। সহীহ, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৭৯ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) এ হাদীসটি হাসান-সহীহ।

## English

Hudhaifah [bin Al-Yaman] said:

"The Messenger of Allah {s.a.w} narrated two narrations to us, one of which I have seen {happening} and I am waiting for the other. He narrated that (in the beginning) trust was preserved in the roots of the hearts of men, then the Qur'an was revealed, and they learned it from the Qur'an, and then they learned it from the Sunnah. Then he narrated to us about the disappearance of trust, saying, 'A man will go to sleep whereupon trust will be taken away from his heart, and only its trace will remain, like speckles. He then will sleep, whereupon the remainder of the trust will also be taken away and trace will remain like a blister, like an ember that you roll on your feet, it causes pain and you see it swollen while it contains nothing.' Then he took a pebble and rolled it over his leg. He said: 'So there will come a day when people will deal in business with each other, but there will hardly be any trustworthy persons among them, such that it would be said that in such and such a tribe, there is such and such person, who is honest, and until a man will be admired for his strength, intelligence, and good manners, although indeed he will not have faith equal to a mustard seed in his heart.'" He (Hudhaifah) added: "There came upon me a time when I did not mind dealing with anyone of you, for if he was a Muslim, his religion would

prevent him from cheating me, and if was a Jew or a Christian, his Muslim ruler would prevent him from cheating me; but today I cannot deal except with so-and-so and so-and-so."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ হ্যায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

⌚ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37537>

⌚ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন